গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
এডিবি-৩ অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd

**প্রেস বিজ্ঞপ্তি**

**২৮ জুন ২০১৫**

আজ **২৮ জুন ২০১৫** তারিখে বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে "South Asia Subregional Economic Cooperation (SASEC) Railway Connectivity: Akhaura-Laksam Double Track" প্রকল্পের জন্য ৪০০.০০ মিলিয়ন মার্কিন ডলার অর্ডিনারী ক্যাপিটেল রিসোর্সেস (ওসিআর) ও ১০৫.০০ মিলিয়ন মার্কিন ডলার এশিয়ান ডেভেলপমেন্ট ফান্ড (এডিএফ)-শীর্ষক ২ (দুই) টি ঋণচুক্তি অর্থনৈতিক সম্পর্ক বিভাগের এনইসি-২ সম্মেলন কক্ষ, শেরে বাংলা নগর, ঢাকায় স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং এডিবি'র পক্ষে এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন (বিআরএম)-এর কান্ট্রি ডাইরেক্টর Mr. Kazuhiko Higuchi উক্ত ঋণচুক্তিদ্বয়ে স্বাক্ষর করেন। ঋণচুক্তি স্বাক্ষরকালে বাংলাদেশ সরকার ও এডিবি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

রেলপথ মন্ত্রণালয় এ প্রকল্পের উদ্যোগী মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৮৩৭.১৩ মিলিয়ন মার্কিন ডলার। তন্মধ্যে এডিবি ৪০০.০০ মিলিয়ন মার্কিন ডলার অর্ডিনারী ক্যাপিটেল রিসোর্সেস (ওসিআর) ঋণ এবং ১০৫.০০ মিলিয়ন মার্কিন ডলার এশিয়ান ডেভেলপমেন্ট ফান্ড (এডিএফ) ঋণ প্রদান করবে। তাছাড়া ইউরোপিয়ান ইনভেস্টমেন্ট ব্যাংক (ইআইবি) ১৭৫.০০ মার্কিন ডলার ঋণ প্রদান করবে। অবশিষ্ট ব্যয় বাংলাদেশ সরকারের নিজস্ব খাত হতে অর্থায়ন করা হবে।

এ প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে ঢাকা-চট্টগ্রাম রেলপথের আখাউড়া-লাকসাম অংশে ৭২ (বাহাত্তর) কিলোমিটার সম্পূর্ণ নতুন দ্বিতীয় ডুয়েলগেজ দ্বৈত লাইন স্থাপন এবং বিদ্যমান লাইনটির পুনর্বাসন ও ডুয়েলগেজে প্রতিস্থাপন করা। এছাড়া এ প্রকল্পের আওতায় এ রুটের ১১ (এগার) টি রেলস্টেশনে আধুনিক সিগন্যালিং যন্ত্রপাতি স্থাপনসহ উন্নয়ন কার্যক্রমও গ্রহণ করা হবে। প্রকল্পটি জুলাই ২০১৪ - জুন ২০২০ মেয়াদে বাস্তবায়িত হবে। ঢাকা-চট্টগ্রাম রেলপথের এ অংশে ডুয়েলগেজ দ্বৈত লাইন স্থাপিত হলে আভ্যন্তরীণ ও পার্শ্ববর্তী দেশসমূহের সাথে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হবে এবং মালামাল পরিবহন ও ভ্রমণসময় হ্রাসসহ নির্বিঘ্ন রেল যোগাযোগ, যাত্রী ও মালামাল পরিবহন সেবা উন্নত হবে।

এডিবি প্রদেয় এ ঋণ ৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য। ওসিআর ঋণের সুদের হার London Inter Bank Offered Rate (LIBOR) ভিত্তিক এবং এডিএফ ঋণের সুদের হার ২%।

২৮.০৬.২০১৫
ফাতিমা ইয়াসমিন
যুগ্ম-সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার